গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
(বোর্ড প্রশাসন-৩ শাখা)

নম্বর-০৮.০১.০০০০.০০৩.২৬.০০৩.১৬/ ১২৫৮

তারিখঃ ০১ অগ্রহায়ণ, ১৪২৫ বঙ্গাব্দ
১৫ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সরকারি ভ্রমণের ক্ষেত্রে আকাশ পথ ব্যবহার সংক্রান্ত নির্দেশনা।

সূত্রঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০৭৫.০৪৬.০৬.০০.০১.২০১৬(অংশ-১)-১৭১(৫০০), তারিখঃ ১৯/০৯/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সরকারি অর্থে আকাশ পথে ভ্রমণের ক্ষেত্রে যে সকল গন্তব্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর ফ্লাইট রয়েছে সে সকল গন্তব্যে এখন থেকে আবশ্যিকভাবে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর ফ্লাইট ব্যবহার করতে হবে। তবে বিমানের রুট না থাকলে অন্য এয়ারলাইন্স এর সম্ভাব্য সরাসরি রুটে ভ্রমণ করা যাবে।

০২। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী এবং সমপর্যায়ের সকল পদধারী, মাননীয় সংসদ সদস্য, সাংবিধানিক পদধারী, সরকার কর্তৃক গঠিত কমিশনসমূহের চেয়ারম্যান/সদস্য/কর্মকর্তা, মন্ত্রণালয়/বিভাগ/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/বিধিবদ্ধ সংস্থা/কর্পোরেশন/সাংবিধানিক সংস্থা/প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীর ক্ষেত্রে এ নির্দেশনা প্রযোজ্য হবে।

০৩। বিদেশ ভ্রমণ সংক্রান্ত প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯ জুন, ২০১১ খ্রিঃ এর পরিপত্র নং-০৩.০৬৯.০২৫.০৬.০০.০০৩.২০১১-১৪৪(৫০০) এ প্রদত্ত নির্দেশাবলী বহাল থাকবে।

০৪। সরকারি অর্থে আকাশপথে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে এই নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৫। এ বিষয়ে ইতঃপূর্বে জারীকৃত জাতীয় রাজস্ব বোর্ডের অফিস আদেশ নং-০৮.০১.০০০০.০০৩.২৬.০০৩.১৬-৯২৬, তারিখঃ ১২/০৬/২০১৮ খ্রিঃ এর কার্যকারিতা এতদ্বারা বাতিল করা হলো।

১৫/১১/২০১৮
(মোঃ নূরুল আমীন)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩)
ফোনঃ ৯৩৫৪৩২৪।

সংযুক্তিঃ- বর্ণনা মোতাবেক।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (মহোদয়ের দপ্তরের আওতাধীন সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
০২। কমিশনার/সম পদমর্যাদার কর্মকর্তা (সকল), আয়কর/কাস্টমস ও ভ্যাট বিভাগের দপ্তরসমূহ (মহোদয়ের দপ্তরের আওতাধীন সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
০৩। মহাপরিচালক/সম পদমর্যাদার কর্মকর্তা, আয়কর/কাস্টমস ও ভ্যাট বিভাগের দপ্তরসমূহ (মহোদয়ের দপ্তরের আওতাধীন সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
০৪। All Officer Group Mail এর আওতাভুক্ত সকল কর্মকর্তা।

অনুলিপি (সদয় অবগতির জন্য)ঃ

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

পুরাতন সংসদ ভবন
ঢাকা

০৩.০৭৫.০৪৬.০৬.০০.০১.২০১৬ (অংশ-১)-১৭১ (৫০০)

তারিখঃ ১৯ সেপ্টেম্বর, ২০১৮
০৪ আশ্বিন, ১৪২৫

## পরিপত্র

বিষয়ঃ <u>সরকারী ভ্রমণের ক্ষেত্রে আকাশ পথ ব্যবহার সংক্রান্ত নির্দেশনা</u>।

সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, যে সকল গন্তব্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ফ্লাইট রয়েছে সে সকল গন্তব্যে এখন থেকে সরকারী অর্থে আকাশ পথে ভ্রমণের ক্ষেত্রে আবশ্যিকভাবে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ফ্লাইট ব্যবহার করতে হবে। তবে বিমানের রুট না থাকলে অন্য এয়ারলাইন্সের সম্ভাব্য সরাসরি রুটে ভ্রমণ করা যাবে।

০২। মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী/ উপমন্ত্রী এবং সমপর্যায়ের সকল পদধারী, মাননীয় সংসদ সদস্য, সাংবিধানিক পদধারী, সরকার কর্তৃক গঠিত কমিশন সমূহের চেয়ারম্যান/সদস্য/কর্মকর্তা, মন্ত্রণালয়/বিভাগ/সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/ বিধিবদ্ধ সংস্থা/কর্পোরেশন/ সাংবিধানিক সংস্থা/ প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীর ক্ষেত্রে এ নির্দেশনা প্রযোজ্য হবে।

০৩। বিদেশ ভ্রমণ সংক্রান্ত প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯ জুন ২০১১ খ্রী: এর পরিপত্র নং-০৩.০৬৯.০২৫.০৬. ০০. ০০৩. ২০১১-১৪৪(৫০০) এ প্রদত্ত নির্দেশাবলী বহাল থাকবে।

১৯/৯/১৮

( মোঃ নজিবুর রহমান )
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব

০৩.০৭৫.০৪৬.০৬.০০.০১.২০১৬ (অংশ-১)-১৭১ (৫০০)

১৯ সেপ্টেম্বর, ২০১৮

<u>বিতরণঃ (জ্যেষ্ঠতা/পদমর্যাদার ক্রমানুসারে নয়)</u>

১। প্রধান নির্বাচন কমিশনার, বাংলাদেশ নির্বাচন কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
৪। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৫। চেয়ারম্যান, পাবলিক সার্ভিস কমিশন, আগারগাঁও, ঢাকা।
৬। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৭। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল) (আওতাধীন সকল কমিশন/দপ্তর/সংস্থা/প্রকল্প সমূহকে নির্দেশনা প্রতিপালনের বিষয়টি অবহিত করার অনুরোধসহ)।
৮। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৯। কমিশন/ স্ব-শাসিত সংস্থা/স্বায়ত্বশাসিত সংস্থার প্রধান (সকল)।
১০। মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর একান্ত সচিব (সকল)।
১১। অধিদপ্তর/পরিদপ্তরের প্রধান (সকল)।
১২। বিভাগীয় কমিশনার (সকল)।
১৩। ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা, সরকারি মালিকানাধীন কোম্পানী/ব্যাংক (সকল)।
১৪। সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
১৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
১৬। ..........................................।

১৯/০৯/২০১৮

( মোহাম্মদ শামীম আলম )
পরিচালক-৮
ফোন-৫৫০২৯৪২৮
E-mail: dir8@pmo.gov.bd